আবহমানকাল বহুরৈখিক কৃষ্টি, সংস্কৃতি চর্চার ধারায় পুষ্ট হয়েছে বাঙালি জনজাতি। বিগত দুটি শতকে বাঙালির সমাজ-সংস্কৃতি ও জাতিসত্তার গঠন-অনুসন্ধান পর্বটি নিয়ে নিরন্তর আলোচনা চলেছে। উনিশ-বিশ শতকের সমাজ-প্রেক্ষিত বোঝার জন্য সংবাদ-সাময়িকপত্রে প্রতিফলিত নারীর সামাজিক অবস্থান, নারীর মূল্যায়ন ও স্বাধিকার চর্চার বিবিধ প্রসঙ্গের খোঁজ গুরুত্বপূর্ণ। হিন্দু-মুসলমানের ধর্মীয় পরিচিতিসত্তার নির্মাণ পরিসরটিও একমাত্রিক নয়। এই দুই সমাজের আভ্যন্তরীণ বৈচিত্র্য, দ্বন্দ্বের স্বকীয় স্বর প্রকাশ পেয়েছে সমকালীন পত্র-পত্রিকার পাতায়। এই সূত্রে মুসলমান বাঙালি পরিচালিত নির্বাচিত তিনটি জনপ্রিয় বহুল পঠিত পত্রিকায় নারীর স্বর অনুসন্ধান করার চেষ্টা এখানে নেওয়া হয়েছে। মুসলমান অন্তঃপুরবাসিনীদের স্বর বহু ক্ষেত্রেই অনালোচিত। কিন্তু মুসলমান বাঙালির সমাজ-সাহিত্য-সংস্কৃতি চর্চার ধারা, অবরোধ ভেঙে বেরিয়ে আসা মুসলমান নারীর সাহসী পদসঞ্চালনার স্বরকে এড়িয়ে কি বৃহৎ বাঙালি জনগোষ্ঠীর অখণ্ড চারিত্র নির্মাণ সম্ভব? এই অনালোচিত, বিস্মৃত নারীর স্বরকে শুনতে চাওয়ার লক্ষ্যেই এই প্রচেষ্টা।

গীতশ্রী সরকার বর্তমানে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক (U.G.C. DEB Full-time contractual) হিসেবে কর্মরত। তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে প্রথম শ্রেণিতে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন এবং পরবর্তীতে এম.ফিল ডিগ্রি লাভ করেন। আলিয়া বিশ্ববিদ্যালয় থেকে তাঁর গবেষণার কাজ সম্পন্ন করে পিএইচ.ডি ডিগ্রি লাভ করেন। তাঁর আগ্রহের বিষয় ভাষাবিজ্ঞান, উনিশ-বিশ শতকের পত্র-পত্রিকা চর্চার ধারা। বর্তমান বইটি লেখকের প্রথম বই।

ctcs 10 2016-26

সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

Netaji Subhas Open University

9 789349 191631

₹350 / $40

জেনানা-সংবাদ
সওগাত-ধূমকেতু-শিখা পত্রিকার নারী জগৎ | গীতশ্রী সরকার



জেনানা-সংবাদ

সওগাত-ধূমকেতু-শিখা
পত্রিকার নারী জগৎ

গীতশ্রী সরকার

ctcs 10 2016-26